

## আমন মওসুমে ধানের লক্ষীর গু রোগ দমনে করণীয়

এটি একটি ছত্রাকজনিত রোগ। সাধারণত আমন মৌসুমে বেশী দেখা যায়। রোগটির ফলে বীজ আক্রান্ত হয়। ছত্রাক কাণ্ড বীজের ভিতরের অংশ আক্রমণ করে। এ রোগের ফলে ধানের আক্রমণপ্রবন জাতের ক্ষেত্রে ফলন শতকরা ৫-১০ ভাগ পর্যন্ত কমতে পারে। এ রোগটি *Ustilaginoidea virens* নামক ছত্রাক দ্বারা হয়।

এ রোগ বীজে দুধ অবস্থার সময় প্রকাশ পায়। ধানের ছড়ার বীজকে ছত্রাকটি একটি হলদে-কমলা রঙের 'বলের' মত করে ফেলে। কখনো কখনো বলটি সোনালী-সবুজ রঙেরও হয়। পরবর্তীতে এ বলটি কালো রং ধারণ করে। আক্রান্ত বীজ অনেক সময় খৈ ফোটার মত হয় এবং চিটা হয়।




আমন মৌসুমে ধানের ফুল আসা পর্যায়ে এ রোগ শুরু হয়। অতিরিক্ত ইউরিয়া সার ব্যবহার, ফুল আসা পর্যায়ে বৃষ্টিপাত ও উচ্চ আর্দ্রতা এ রোগের মাত্রা বৃদ্ধি করে।

### রোগ দমনে করণীয়

- ✓ জমিতে সুষম মাত্রায় সার ব্যবহার করা।
- ✓ রোগাক্রান্ত মাঠ থেকে বীজ সংগ্রহ না করা।
- ✓ আমন মওসুমে আক্রমণ প্রবণ ধানের জাত আগাম লাগালে এ রোগ কম হয়।
- ✓ আক্রমণ প্রবণ ধানের জাত একই জমিতে প্রতি বছর চাষ করা যাবে না।
- ✓ আক্রমণ প্রবণ জাতের ধানে ফুল আসার সময় প্রোপিকোনা জল গ্রুপের ছত্রাকনাশক যেমন টিল্ট ১৩৩ মিলিলিটার ৬৬ লিটার পানিতে মিশিয়ে ৭-১০ দিন অন্তর বিকাল বেলা ২ বার আগাম স্প্রে করতে হবে।



উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ  
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট  
গাজীপুর-১৭০১

  
29/8/2018  
ড. মোঃ আব্দুল লতিফ  
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান  
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ  
লি. গাজীপুর-১৭০১।